বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৪০২ তারিখঃ ১৩ এপ্রিল ২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রামণের বিদ্যমান পরিস্থিতিতে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা চালু রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ১২ এপ্রিল ২০২১ ও ১৩ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত সার্কুলার লেটার নং ১৩ ও ১৪ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ০৪.০৪.২০২১ এবং ১২.০৪.২০২১ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০ -২০২১/১৩৫৬ ও ১৩৯৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের উক্ত সার্কুলার লেটারদ্বয়ের নির্দেশনা মোতাবেক করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির অবনতির কারণে ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালিন সময়ে সাধারণভাবে সকল তফসিলি ব্যাংক বন্ধ ঘোষনা করা হয়েছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে অদ্য ১৩ এপ্রিল ২০২১ তারিখে ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সকল শাখা/কার্যালয় বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে। এছাড়া, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ০৪.০৪.২০২১ তারিখের পত্র নং প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৩৫৬ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১৩/০৪/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৪০২ তারিখঃ ১৩ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

১৩/০৪/২১

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-১৩

তারিখ ঃ ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক**
**আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির অবনতির কারণে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ১২ এপ্রিল ২০২১ এর স্মারকে (০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০) ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সকল আর্থিক প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

০১। সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালীন সময়ে সাধারণভাবে সকল তফসিলি ব্যাংক বন্ধ থাকবে। এ সময়ে ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে।

০২। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ খোলা রাখার বিষয়ে বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে স্ব স্ব ব্যাংক প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার (এডি) শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ সীমিত সংখ্যক জনবল দ্বারা খোলা রাখতে পারবে।

০৩। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে সংশ্লিষ্ট প্রশাসনের সহায়তায় এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং সুবিধা সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা ১৪ এপ্রিল ২০২১ তারিখ থেকে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-১৪

তারিখ ঃ ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**<u>করোনাভাইরাস সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা চালু রাখা প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ে ১১ এপ্রিল ২০২১ ও ১২ এপ্রিল ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং যথাক্রমে ১২ ও ১৩ এর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির অবনতির কারণে ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালীন সময়ে সাধারণভাবে সকল তফসিলি ব্যাংক বন্ধ ঘোষণা করা হয়েছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আজ ১৩ এপ্রিল ২০২১ তারিখে ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে অপরাহ্ন ৫:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে। ১১ এপ্রিল ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং ১২ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০০৯৩